**তাগিদপত্র-১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-৩ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০০.০০০০.১০০.১৬.০০০৫.২৫.৬৪

তারিখ : ২৩ শ্রাবণ ১৪৩২ / ০৭ আগস্ট ২০২৫

**বিষয় : ২০২৪-২৫ অর্থবছরের ইউনিয়ন পরিষদ কর্মদক্ষতা মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ প্রসংগে।**

সূত্র : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.১০০.১৬.০০০৫.২৫.৪২, তারিখ: ১৪.০৭.২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ অর্থবছরের ইউনিয়ন পরিষদ কর্মদক্ষতা মূল্যায়ন ফরম স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইট (www.lgd.gov.bd) এর Form লিংক থেকে ডাউনলোডপূর্বক উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক সরেজমিনে পরিদর্শনক্রমে মূল্যায়ন ফরম যথাযথভাবে পূরণপূর্বক গত ৩১/০৭/২০২৫ তারিখের মধ্যে প্রতিস্বাক্ষরক্রমে এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু নির্ধারিত তারিখে মূল্যায়িত ফরম পাওয়া যায়নি, বিধায় পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না। উল্লেখ্য, কিছু কিছু জেলায় ও উপজেলায় সফটকপি এক্সেল শীটে কাজ করার অভিজ্ঞতা না থাকার কারণে সে সকল জেলায় PDF ফাইল ফরমেট কপি ইমেইল/ওয়েবসাইটে দেয়া হলো।

এমতাবস্থায়, ইউনিয়ন পরিষদ কর্মদক্ষতা মূল্যায়ন ফরম পূরণের সুবিধার্থে উক্ত ফরমের সফটকপি PDF ফাইল ওয়েবসাইটে ফরমেট করা হয়েছে। আগামি ৩১/০৮/২০২৫ তারিখের মধ্যে আপনার জেলার সকল ইউনিয়ন পরিষদের মূল্যায়িত প্রতিবেদন প্রতিস্বাক্ষরপূর্বক স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

এ কে ব্রোহী মিঞা
সহকারী সচিব
ফোন : ০২-২২৩৩৮৯০৩৬
lgdmonitoring3@gmail.com

জেলা প্রশাসক (সকল)

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১। বিভাগীয় কমিশনার (সকল বিভাগ)।
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪। সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
৫। মহাপরিচালক (পমূপ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
৬। যুগ্মসচিব (মওমূ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
৭। অফিস কপি।